# গুনাহ মাফের উপায়

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় : গুনাহ মাফের দু'আ

রচয়িতা/সঙ্কলকঃ শাহাদাৎ হুসাইন খান ফয়সাল (রহ.)

গুনাহ মাফের দু‘আ

গুনাহ মাফের যতগুলো উপায় আছে সেগুলোর মধ্যে একটি বড় অংশ হচ্ছে দু‘আ। পূর্বের আলোচনায় বিভিন্ন পয়েন্টের অধীনে বেশ কিছু দু‘আ ও জিকির উল্লেখ করা হয়েছে যা হাদীসে বর্ণিত সময়ে ও সংখ্যায় পাঠ করলে গুনাহ মাফ হওয়ার কথা রয়েছে। আমরা উপরের আলোচনায় শুধু সে সকল দু‘আই উল্লেখ করেছি যেগুলো সম্পর্কে হাদীসে গুনাহ মাফের কথা বর্ণিত হয়েছে। কিন্তু এর বাইরেও কুরআন ও হাদীসে অনেক দু‘আ আছে যেগুলোতে গুনাহ মাফের প্রার্থনা বর্ণিত হয়েছে অথচ সেগুলোতে কী পরিমাণ গুনাহ মাফ হবে সে কথা বর্ণিত হয়নি। তারপরও যেহেতু সেই দু‘আগুলো কুরআন ও গ্রহণযোগ্য হাদীসে বর্ণিত হয়েছে সেহেতু আমরা সেই দু‘আগুলোসহ উপরের আলোচনায় উল্লিখিত বিশেষ গুরুত্বপূর্ণ কিছু দু‘আ এই অধ্যায়ে উল্লেখ করা হলো, যাতে পাঠকগণ এই দু‘আগুলো সহজেই খুঁজে পান এবং মুখস্থ করে দু‘আগুলো করতে পারেন। এখানে কোনো দু‘আর ফযীলত বর্ণনা করা হবে না। শুধু কখন কতবার পড়তে হবে সেটির বর্ণনাসহ দু‘আগুলো আরবী, বাংলা উচ্চারণ ও অর্থ দেয়া হবে।[1]

## ফুটনোট

[1]. এই অধ্যায়ে উল্লিখিত দু’আগুলোর কিছু অংশের উচ্চারণ ও অর্থ লিখতে মুহাম্মাদ নূরূন্নল ইসলাম প্রণীত ও হাদীছ ফাউন্ডেশন বাংলাদেশ কর্তৃক প্রকাশিত “ছহীহ কিতাবুদ্ দো‘আ” গ্রন্থের সহযোগিতা নেয়া হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9138

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন